

এমপিওভুক্তির দাবিতে যমুনা অভিমুখী শিক্ষকদের পদযাত্রায় পুলিশের বাধা

সংবাদ অনলাইন রিপোর্ট

: বুধবার, ২৬ নভেম্বর ২০২৫



জাতীয় প্রেসক্লাবের সামনে থেকে শিক্ষকরা বুধবার যমুনা অভিমুখে পদযাত্রা করলে কদম ফোয়ারার সামনে
পুলিশ আটকে দেয় -সংবাদ

এমপিওভুক্তির দাবিতে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনা অভিমুখী বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের পদযাত্রা আটকে দিয়েছে পুলিশ।

জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থানরত শিক্ষকরা বুধবার,(২৬ নভেম্বর ২০২৫) বেলা ৩টার দিকে যমুনা অভিমুখে পদযাত্রা শুরু করেন।

কদম ফোয়ারার সামনে পুলিশ তাদের পদযাত্রা আটকে দেয়। এরপর শিক্ষকরা রাস্তায় বসে অবস্থান করেন। এক পর্যায়ে পুলিশের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে তারা সেখান থেকে সরিয়ে যান।

‘ননএমপিও শিক্ষা প্রতিষ্ঠান এক্য পরিষদ’ ব্যানারে ননএমপিও শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এমপিওভুক্তি (মান্ত্রিক পেমেন্ট অর্ডার) করার দাবিতে পঁচিশতম দিনের মতো আন্দোলন করে আসছেন শিক্ষকরা।

পরিষদের সাংগঠনিক সমন্বয়ক অধ্যক্ষ মুনিমুল হক বলেন, পুলিশ তাদের অবস্থান কর্মসূচিতে ফিরে যাওয়ার অনুরোধ করেছেন। শিক্ষকরা গত ২ নভেম্বর থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি পালন করছেন।

তিনি জানান, গত রমজান মাসে তারা নন-এমপিও প্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে জাতীয় প্রেসক্লাবে ১৭ দিনের লাগাতার অবস্থান কর্মসূচি পালন করেছিলেন। ওই সময় শিক্ষা উপদেষ্টা ও শিক্ষা সচিব শিক্ষকদের সঙ্গে আলোচনায় এমপিওভুক্তির আশ্বাস দিয়েছিলেন।

সে আশ্বাস আলোর মুখ দেখেনি দাবি করে মুনিমুল হক বলেন, এদিকে বেতন-ভাতা না পাওয়া ননএমপিও শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর শিক্ষক কর্মচারীদের দেয়ালে পিঠ ঠেকে গেছে। বেতন না পেয়ে আমরা আর্থিক সংকটে, সামাজিকভাবে হেয় প্রতিপন্থ হচ্ছেন।